



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

KHULNA AGRICULTURAL UNIVERSITY, KHULNA

Website: www.kau.edu.bd, E-mail : registrar@kau.edu.bd, drshajahan1977@gmail.com

স্মারক নং- খুকুবি/রেজি.কার্যা/প্রশা-২/শিক্ষক-৭২/২০২০/৩৬০

তারিখঃ ১৫ মার্চ ২০২৩ খ্রিঃ

অফিস আদেশ

ড. মোহাম্মদ নজরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ফার্ম স্ট্রাকচার বিভাগ, খুকুবি, খুলনা -কে পোস্ট-ডক্টরাল ফেলোশিপ এর অধীনে University of Idaho, USA এ পোস্ট-ডক্টরাল রিসার্চ এর জন্য খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়ের ছুটি বিধিমালা ২০২১ এর ৩৯(৮)(খ) এবং ৩৯(৯)(খ)(আ) ধারা অনুযায়ী আগামী ০১-০৫-২০২৩ হতে ৩০-০৪-২০২৫ তারিখ পর্যন্ত মোট ০২ (দুই) বছর পূর্ণ গড় বেতনে নিম্নবর্ণিত শর্তে শিক্ষাছুটি মঞ্জুর করা হলোঃ

শর্তাবলীঃ

- ১। গবেষণাকালীন সময়ে তিনি বিশ্ববিদ্যালয়ের নিকট হতে তাঁর বেতনের কোন অর্থ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।
- ২। মঞ্জুরীকৃত শিক্ষা ছুটিকালকে প্রেষণ হিসেবে এবং প্রেষণে থাকাকালীন সময়কালকে কোয়ালিফাইং সার্ভিস হিসেবে গণ্য করতঃ তাঁকে বার্ষিক ইনক্রিমেন্ট, বাড়ি ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, উৎসব ভাতা ও পেনশন সহ যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।
- ৩। তিনি পোস্ট-ডক্টরাল রিসার্চ সমাপ্তির পর বিশ্ববিদ্যালয়ে স্ব-পদে যোগদান করে কমপক্ষে ০২ (দুই) বছর চাকুরি করতে বাধ্য থাকবেন।
- ৪। তিনি গবেষণা কার্যক্রমে একটি পূন্য পরিকল্পনা (Plan of Research Activities) সংশ্লিষ্ট সুপারভাইজার স্বাক্ষর সহ জমা দিতে বাধ্য থাকবেন।
- ৫। গবেষণা কাজে ব্যর্থ হলে শিক্ষাছুটি/প্রেষণে থাকাকালীন সময়ে তিনি এই বিশ্ববিদ্যালয় হতে যে পরিমাণ অর্থ গ্রহণ করবেন উহার সমপরিমাণ অর্থ ১৫% সরল সুদে তাকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের তহবিলে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং ভবিষ্যতে কোন ডিগ্রি/উচ্চতর শিক্ষার জন্য শিক্ষাছুটি প্রদান করা হবে না।
- ৬। শিক্ষাছুটি সমাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে যোগদানপত্রসহ সংশ্লিষ্ট কার্যক্রমের সনদপত্র/প্রত্যয়নপত্র বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে।
- ৭। শিক্ষা ছুটি মঞ্জুরিপ্রাপ্ত শিক্ষককে নির্ধারিত ফরমে নন-জুডিশিয়াল স্ট্যাম্প বিশ্ববিদ্যালয়ের সহিত একটি বন্ধকপত্র সম্পাদন করতে হবে।
- ৮। মূল জামিনদার যদি শিক্ষা ছুটিধারীর শিক্ষাছুটি কালীন সময়ে বিশ্ববিদ্যালয় থেকে গ্রহণকৃত অর্থ ১৫% সরল সুদে বিশ্ববিদ্যালয় তহবিলে জমা দিতে ব্যর্থ হন সেই ক্ষেত্রে বিকল্প জামিনদার সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।
- ৯। এই শিক্ষা ছুটির সাথে তিনি গমন ও প্রত্যাবর্তনের জন্য ট্রানজিট ছুটি (০৭ দিন) প্রাপ্ত হবেন।
- ১০। এছাড়া তিনি সিডিকেট কর্তৃক আরোপিত যে কোন শর্ত মানতে বাধ্য থাকবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

৩২/৩

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার

রেজিস্ট্রার

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

তারিখঃ ১৫ মার্চ ২০২৩ খ্রিঃ

স্মারক নং- খুকুবি/রেজি.কার্যা/প্রশা-২/শিক্ষক-৭১/২০২০/৩৬০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ড. মোহাম্মদ নজরুল ইসলাম, সহকারী অধ্যাপক, ফার্ম স্ট্রাকচার বিভাগ, খুকুবি, খুলনা।
- ২। জনাব গাজী তমিজ উদ্দিন, প্রভাষক, ফার্ম স্ট্রাকচার বিভাগ, খুকুবি, খুলনা। (ড. মোহাম্মদ নজরুল ইসলাম'র শিক্ষা ছুটিকালীন সময়ে সংশ্লিষ্ট শিক্ষকের রুটিন দায়িত্ব পালনের অনুরোধসহ)
- ৩। ডীন, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদ, খুকুবি, খুলনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৪। বিভাগীয় প্রধান, ফার্ম স্ট্রাকচার বিভাগ, খুকুবি, খুলনা। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক/পরিচালক (সকল)/হেলথ কেয়ার সেন্টার/হল প্রভোস্ট, খুকুবি, খুলনা।
- ৬। অর্থ ও হিসাব শাখা, খুকুবি, খুলনা।
- ৭। আইসিটি শাখা, খুকুবি, খুলনা। (অফিস আদেশটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৮। পরিষদ শাখা, খুকুবি, খুলনা। (পরবর্তী সিডিকেট অধিবেশনে রিপোর্ট করার অনুরোধসহ)
- ৯। ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন), খুকুবি, খুলনা। (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
- ১০। পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর সচিবালয়, খুকুবি, খুলনা।
- ১১। পিএ টু ট্রেজারার, খুকুবি, খুলনা।
- ১২। পিএ টু রেজিস্ট্রার, খুকুবি, খুলনা।
- ১৩। অফিস/মাস্টার কপি।

ডাঃ খন্দকার মাজহারুল আনোয়ার

রেজিস্ট্রার

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়